

উপজেলা পরিষদ কার্যালয়  
উখিয়া, কক্সবাজার

বিষয় : মাধ্যমিক ও মাদ্রাসা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী  
সভাপতি : জাহাঙ্গীর আলম  
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উখিয়া, কক্সবাজার  
তারিখ : ০১/০৮/২০২১ খ্রি.  
সময় : বিকাল ০৪.০০ ঘটিকা

সভার আলোচ্য বিষয়সমূহ:

১. গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
২. উখিয়া উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় হাই ও লো বেঞ্চ সরবরাহকরণের লক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত চাহিদাপত্র প্রেরণ।
৩. বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

২. নং আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (দায়িত্ব প্রাপ্ত) জানান যে, কোভিড-১৯ এর কারণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ দীর্ঘদিন বন্ধ থাকার দরুন কাঠের তৈরি হাই ও লো বেঞ্চ নষ্ট হয়েছে। তাছাড়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শ্রেণিকক্ষে হাই ও লো বেঞ্চ এর যথেষ্ট সংকট রয়েছে। পরীক্ষা কেন্দ্রভুক্ত প্রতিষ্ঠানসমূহে হাই ও লো বেঞ্চ এর স্বল্পতা রয়েছে। এ কারণে পরীক্ষাকালীন সময়ে পার্শ্ববর্তী প্রতিষ্ঠানসমূহ হাই ও লো বেঞ্চ হতে আনতে হয়। সুতরাং মোতাবেক স্থানীয় সরকার বিভাগ থেকে সরাসরি পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প গ্রহণ করা হবে। উখিয়া উপজেলার মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে প্রাপ্ত আবেদনসমূহ নিয়ে আলোচনা করা হয় এবং অত্র উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে প্রয়োজনীয় হাই ও লো বেঞ্চ সরবরাহকরণের লক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত চাহিদাপত্র চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্তসমূহ:

ক. উখিয়া উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে প্রয়োজনীয় হাই ও লো বেঞ্চ সরবরাহকরণের লক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত চাহিদাপত্র চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার বরাবর প্রেরণ।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়



জাহাঙ্গীর আলম  
ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, উখিয়া

ও

সভাপতি





মাধ্যমিক ও মাদ্রাসা বিষয়ক স্থায়ী কমিটি  
উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার

উপজেলা পরিষদ কার্যালয়

উখিয়া, কক্সবাজার

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতির হাজিরা

তারিখ : ০১/০৮/২০২১ খ্রি.

নাম	পদবী	প্রতিষ্ঠান ও ঠিকানা	কমিটিতে পদ	স্বাক্ষর
ডঃ হুমায়ুন কবীর	ভাইস চেয়ারম্যান	উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার	সভাপতি	
—	চেয়ারম্যান	হলদিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	—
মুহাম্মদ আমিন হোসেন	চেয়ারম্যান	জালিয়াপালং ইউনিয়ন পরিষদ উখিয়া, কক্সবাজার	সদস্য	
ডঃ আব্দুল হোসেন সিদ্দিকী	প্রধান শিক্ষক	উখিয়া বহুমুখী উচ্চ বিদ্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্য	
মোহাম্মদ বদরুল আলম	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (দায়িত্ব প্রাপ্ত)	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয় উখিয়া, কক্সবাজার	সদস্য সচিব	 ০১/০৮/২০২১